রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি
নথিভুক্ত নং-.........
সংরক্ষিত ফাইল নং-.........
গ্রহণের তারিখ:.........
গ্রহিতার স্বাক্ষর

প্রঃ সঃ/প্রয়োজনীয় ব্যবস্থা নিন
28/05/2025

# জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৫/৩২০০ তারিখ: ২৮/০৫/২০২৫

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড সম্পর্কিত নির্দেশনা।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ৩১ মে ২০২৫ তারিখ রোজ শনিবার সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সারাদেশের ১৩৭টি কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত ৫,৬০,৫৯৫ জন পরীক্ষার্থীর প্রবেশপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ১৪ মে ২০২৫ তারিখ থেকে ইস্যু করা হয়েছে, যা ৩০ মে ২০২৫ তারিখ পর্যন্ত ডাউনলোড করা যাবে।
এছাড়া এ সকল পরীক্ষার্থীকে পরীক্ষার তারিখ, কেন্দ্রের নাম ও ভর্তি পরীক্ষার রোল নম্বর এর তথ্য এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হয়েছে। একই সঙ্গে অনেক পরীক্ষার্থী ভর্তি বিষয়ক ওয়েবসাইট ব্যবহার করার কারণে বেশ কিছু পরীক্ষার্থী অদ্যাবধি প্রবেশপত্র ডাউনলোড করতে সক্ষম হয়নি। এ সকল পরীক্ষার্থী তাদের আবেদনকৃত কলেজ থেকেও প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে।
যদি কোন পরীক্ষার্থী (প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত) ৩০ মে ২০২৫ তারিখ পর্যন্ত তার প্রবেশপত্র ডাউনলোড করতে সক্ষম না হয় অথবা আবেদনকৃত কলেজ থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে না পারে, সেক্ষেত্রে ঐ পরীক্ষার্থীকে অবশ্যই প্রাথমিক আবেদন ফরম, এইচ এস সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও এসএমএস এ প্রেরিত তথ্যের প্রিন্ট কপি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। এ সকল পরীক্ষার্থী তাদের এসএমএস এর মাধ্যমে প্রাপ্ত ভর্তি পরীক্ষার রোল নম্বর অনুযায়ী সংশ্লিষ্ট কেন্দ্রে আসন গ্রহণ করবে ও হাজিরাপত্রে স্বাক্ষর করবে। তবে হাজিরাপত্রের ছবির সঙ্গে প্রাথমিক আবেদন ফরমের ছবি মিল না থাকলে পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। উল্লেখ্য যে, প্রবেশপত্রের QR কোড স্ক্যান করে পরীক্ষার্থীর ছবিসহ সকল তথ্য যাচাই করা যাবে।
বিদ্র:- যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চয়ন করা হয়নি, সে সকল আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

২৮.০৫.২০২৫
(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৫/৩২০০ তারিখ: ২৮/০৫/২০২৫

অনুলিপি:
১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি।

---

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৮/০৫/২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার পরীক্ষার্থীর প্রবেশপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে আগামী ৩০/০৫/২০২৫ তারিখের মধ্যে ডাউনলোড করতে হবে। যেসকল পরীক্ষার্থী তার প্রবেশপত্র ডাউনলোড করতে সক্ষম হবে না, সেক্ষেত্রে ঐ পরীক্ষার্থীকে অবশ্যই প্রাথমিক আবেদন ফরম, জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রেরিত SMS তথ্যের প্রিন্ট কপি ও HSC রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে নিয়ে পরীক্ষার কেন্দ্রে উপস্থিত হতে হবে।

28/05/2025
(প্রফেসর মো. আবু ছৈয়দ চৌধুরী)
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:
১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
২। আহ্বায়ক, ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা কমিটি/২০২৪-২০২৫, রাঙ্গামাটি সরকারি কলেজ কেন্দ্র, রাঙ্গামাটি;
৩। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেওয়া গেল;
৪। সংরক্ষণ নথি।